ফাতওয়া নাম্বার: ৫৩২ প্রকাশকাল: ২৮-০২-২০২৫ ইং

দিনের কোন সময় পর্যন্ত রোযার নিয়ত করা যায়?

প্রশ্ন:

দিনের কোন সময় পর্যন্ত রোযার নিয়ত করা যায়? কোন রোযার নিয়ত রাতেই করতে হয়, আর কোন রোযার নিয়ত দিনে করলেও হয়?

-মুহাম্মাদ আবুল বাশার

উত্তর:

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

الحمد لله وكفى وسلام على عباده الذين اصطفى، أما بعد

রমযানের রোযা, নফল রোযা ও নির্ধারিত দিনের মান্নতের রোযার নিয়ত রাতে যেমন করা যায়, তেমনি দিনেও শরয়ী দিনের অর্ধেক (অর্থাৎ সুবহে সাদিক থেকে নিয়ে সূর্যাস্ত পর্যন্ত সময়ের ঠিক অর্ধেক সময়) পূর্ণ হওয়ার আগ পর্যন্ত কোনো পানাহার না করার শর্তে এসব রোযার নিয়তের অবকাশ রয়েছে। -আদ্দুররুল মুখতার: ২/৩৭৭, কিতাবুস সাওম, দারুল ফিকর; বাদায়েউস সানায়ে: ২/২২৯, কিতাবুস সাওম, যাকারিয়া; হিন্দিয়া: ১/২৫৮, কিতাবুস সাওম, আশরাফিয়্যা; আল-বাহরুর রায়েক: ২/৪৫২, কিতাবুস সাওম, যাকারিয়া; মারাকিল ফালাহ: ৬৪১-৬৪২, কিতাবুস সাওম, দারুল কুতুবিল ইলমিয়্যা;

তবে এসব রোযার নিয়তও ফজর হওয়ার আগে রাতের ভিতর করে নেওয়া উত্তম। -হিন্দিয়া: ১/২৫৮, কিতাবুস সাওম, আশরাফিয়্যা; মারাকিল ফালাহ: ৬৪২, কিতাবুস সাওম, দারুল কুতুবিল ইলমিয়্যা

পক্ষান্তরে কাযা রোযা (চাই রমযানের কাযা হোক কিংবা সাধারণ নফল রোযার কাযা হোক), কাফফারার রোযা ও অনির্ধারিত মান্নতের রোযার (অর্থাৎ যে মান্নতের রোযার দিন নির্ধারিত করা হয়নি) নিয়ত ফজর (সুবহে সাদিক) হওয়ার পূর্বে করে ফেলতে হবে।-আদ্দুররুল মুখতার: ২/৩৮০, কিতাবুস সাওম, দারুল ফিকর; বাদায়েউস সানায়ে:২/২২৮-২২৯, কিতাবুস সাওম, যাকারিয়া; আল-বাহরুর রায়েক: ২/৪৫৭, কিতাবুস সাওম, যাকারিয়া; মারাকিল ফালাহ: ৬৪৫, কিতাবুস সাওম, দারুল কুতুবিল ইলমিয়্যা;

فقط، والله تعالى أعلم بالصواب.

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

১৩-০৮-১৪৪৬ হি.

১৩-০২-২০২৫ ঈ.